

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪

শ্রাবণ ২৮, ১৪২০
তারিখ : -----
আগস্ট ১২, ২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ।

প্রিয় মহোদয়,

ব্যাংক কর্তৃক স্থাবর/স্থায়ী সম্পদ ধারণ/ক্রয়-বিক্রয় প্রসঙ্গে ।

শিরোনামোক্ত বিষয়ে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ১০, বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখঃ জানুয়ারী ২৫, ২০১০ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯ তারিখঃ জুলাই ৩০, ২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

আইনের উল্লিখিত ধারা ও সার্কুলারদ্বয়ের মাধ্যমে ব্যাংক কর্তৃক স্থাবর/স্থায়ী সম্পদ ধারণ/ক্রয়-বিক্রয়ের বিষয়ে জারিকৃত নির্দেশনার পাশাপাশি ব্যাংকসমূহের দায়-সম্পদ ব্যবস্থাপনা জোরদারকরণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, ব্যাংকের ধারণকৃত স্থাবর/স্থায়ী সম্পদের মোট পরিমাণ (বুক ভ্যালু) ব্যাংকটির পরিশোধিত মূলধনের শতকরা ৩০ ভাগের অধিক হবে না ।

উল্লেখ্য, ইতোমধ্যে যে সব ব্যাংকের স্থাবর/স্থায়ী সম্পদের মোট পরিমাণ (বুক ভ্যালু) ব্যাংকটির পরিশোধিত মূলধনের শতকরা ৩০ ভাগের অধিক রয়েছে সে সব ব্যাংক আনুপাতিক হারে তার পরিশোধিত মূলধনের পরিমাণ বৃদ্ধির পূর্ব পর্যন্ত নতুন করে কোন স্থাবর/স্থায়ী সম্পদ ক্রয় করতে পারবে না ।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে ।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৪